২৮৬। স্থানীয় পর্যায়ের ব্যবসায়িক অনুমোদন সহজ করতে সিটি করপোরেশন ও পৌরসভার ট্রেড লাইসেন্স সেবা ধাপে ধাপে বিনিয়োগসেবা ব্যবস্থার সঙ্গে যুক্ত করা হবে। আবেদন, ফি পরিশোধ, নবায়ন, লাইসেন্স প্রদান ও অগ্রগতি পর্যবেক্ষণ অনলাইনে করা হবে, যাতে স্থানীয় অফিসে বারবার যাওয়া ও নবায়নজনিত বিলম্ব কমে।

২৮৭। নির্বাচিত শিল্পাঞ্চল ও অর্থনৈতিক অঞ্চলে Plug and Play শিল্প-সুবিধা প্যাকেজ চালু করা হবে। এর আওতায় জমি, অবকাঠামো, বিদ্যুৎ, গ্যাস, পানি, সড়ক সংযোগ ও প্রাথমিক অনুমোদন আগে থেকেই সমন্বিতভাবে প্রস্তুত রাখা হবে, যাতে উদ্যোক্তারা দ্রুত কারখানা স্থাপন ও উৎপাদন শুরু করতে পারেন।

২৮৮। বিনিয়োগ-সংক্রান্ত আন্তঃদপ্তর অনুমোদন, যাচাই ও মতামত প্রদানের ধাপ সহজ করা হবে এবং অগ্রগতি অনলাইনে দেখা যাবে। বিদেশি কর্মীর নিরাপত্তা ছাড়পত্রের আবেদন ও যাচাই প্রক্রিয়াও পৃথকভাবে অনলাইনভিত্তিক ও নির্দিষ্ট সময়সীমার আওতায় আনা হবে, যাতে প্রয়োজনীয় নিরাপত্তা যাচাই বজায় রেখেই অপ্রয়োজনীয় বিলম্ব কমে।

কর, মূসক, শুল্ক, বন্ড ও বিরোধ নিষ্পত্তি ব্যবস্থার আধুনিকায়নে পদক্ষেপ

মাননীয় স্পিকার

২৮৯। ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টি ও এ সংক্রান্ত নিয়ম-কানুন সহজীকরণের লক্ষ্যে আয়কর, কাস্টমস এবং ভ্যাট ব্যবস্থাপনায় আনীত Deregulation কার্যক্রমসমূহ উপস্থাপন করছি।

আয়কর সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিনিয়ন্ত্রণকরণ

মাননীয় স্পিকার

২৯০। ব্যক্তি করদাতাদের পাশাপাশি আগামী অর্থ বছরে কোম্পানি করদাতাদের কর্পোরেট রিটার্নও অনলাইনে দাখিলের ব্যবস্থা করা হবে। সকল ধরনের করদাতা সারা বছরব্যাপী রিটার্ন দাখিল করতে পারবেন, বছরের শুরুর দিকে রিটার্ন দাখিল করলে কর প্রণোদনা পাবেন। করবছর শেষ হলেও করদাতাগণ স্বপ্রণোদিতভাবে বিলম্ব রিটার্ন দাখিল করতে পারবেন।

২৯১। করদাতার উৎসে কর নিরূপিত করের চেয়ে বেশি হলে অতিরিক্ত পরিশোধিত কর ফেরত পাবেন; এ রিফান্ড হবে Automated ও Faceless, যে প্রক্রিয়া ইতোমধ্যে সম্পন্ন করা হচ্ছে। আগামী অর্থ বছর থেকে আয়করদাতাগণ ঘরে বসেই নিজ নিজ ব্যাংক হিসাবে সরাসরি আয়কর ফেরৎ পাবেন। সময়মত অটোমেটেড

পদ্ধতিতে রিফান্ড প্রদান নিশ্চিত করা গেলে উদ্যোক্তাগণের চলতি মূলধন দীর্ঘ সময় আটকে থাকবে না এবং তাদের ব্যবসার নগদ প্রবাহ বৃদ্ধি পাবে।

২৯২। আয়কর এবং ভ্যাট অডিটের বিদ্যমান ম্যানুয়াল পদ্ধতি পরিবর্তন করে সফটওয়্যারের মাধ্যমে Risk Based Selection Criterion এর ভিত্তিতে ব্যক্তি হস্তক্ষেপ ছাড়াই (Without Human Intervention) স্বচ্ছতার সাথে সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে অডিটের জন্য নির্বাচন করা হচ্ছে। অডিট নির্বাচন পদ্ধতি স্বচ্ছ হবার কারণে কর ব্যবস্থার প্রতি করদাতাগণের আস্থা ও বিশ্বাসের সম্পর্ক তৈরি হচ্ছে।

২৯৩। বিদেশী বিনিয়োগকারীগণকে Double Taxation Avoidance Agreement (DTA) এর আওতায় করসুবিধা পাবার জন্য বর্তমানে ম্যানুয়াল পদ্ধতিতে জাতীয় রাজস্ব বোর্ড থেকে Tax Residency সার্টিফিকেট নিতে হয়। দ্বৈত কর পরিহার চুক্তির প্রয়োজনীয় দলিলের ভিত্তিতে National Single Window সিস্টেমের মাধ্যমে অটোমেটেড পদ্ধতিতে অনলাইনে এই সনদ প্রদানের ব্যবস্থা করা হবে। এতে বিদেশী বিনোয়োগকারিগণের সেবাপ্রাপ্তি সহজ ও Faceless হবে।

২৯৪। Asycuda World এবং eReturn সিস্টেমের মধ্যে আন্ত:সংযোগ স্থাপন করা হয়েছে। এতে আমদানিকারক করদাতা eReturn দাখিলের সময় স্বয়ংক্রিয়ভাবে আমদানি পর্যায়ে পরিশোধিত অগ্রিম করের ক্রেডিট পাবেন। আমাদের প্রস্তাব অনুযায়ী উৎসে কর কর্তন না করার কারণে করদাতার দাবিকৃত খরচ অনুমোদন না করার বিদ্যমান বিধান বাতিল হয়ে যাবে। ফলে করদাতাগণের কার্যকর কর হার হ্রাস পাবে। ব্যবসা খাতের আয় পরিগণনায় আন্তর্জাতিক মানদন্ড অনুসারে Accrual ভিত্তিতে সুদ ব্যয় অনুমোদনের বিধান করার প্রস্তাব করছি।

২৯৫। ব্যবসায়িক কার্যক্রমের কতিপয় আবশ্যিক খরচ যেমন, পারকুইজিট, আপ্যায়ন ব্যয়, ফ্রি স্যাম্পল বাবদ খরচ এবং প্রচারণামূলক খরচ অনুমোদনের সীমা

উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করার প্রস্তাব করছি। এতে করদাতাগণের কর দায় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পাবে।

২৯৬। ব্যাক টু ব্যাক এলসির পাশাপাশি লোকাল এলসির মাধ্যমে বৈদেশিক মুদ্রায় রপ্তানিমুখি শিল্পে পণ্য সরবরাহকেও প্রচ্ছন্ন রপ্তানি হিসাবে গণ্য করার বিধান প্রস্তাব করা হয়েছে। আপিল দায়ের না করেও বিকল্প বিরোধ নিষ্পত্তির সুযোগ দিয়ে সহজে আয়কর সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির আওতা আরো বিস্তৃত করার প্রস্তাব করছি।

কাস্টমস সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিনিয়ন্ত্রণকরণ

মাননীয় স্পিকার

২৯৭। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশে প্রথম তৈরি পোশাক খাতে কাস্টমস বন্ড প্রথা এবং ব্যাক-টু-ব্যাক এলসি'র ভিত্তিতে শুল্ক মুক্তভাবে কাঁচামাল আমদানি ব্যবস্থা চালু করেছিলেন। বাংলাদেশের তৈরি পোশাক (Readymade Garments) খাতের বিকাশ ও প্রসারে বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থা এক যুগান্তকারী ভূমিকা পালন করলেও অন্যান্য সম্ভাবনাময় রপ্তানিমুখী খাত নানাবিধ কারণে এ ব্যবস্থার সুযোগ গ্রহণ করতে পারেনি। এ কারণে তৈরি পোশাক খাতের পাশাপাশি অন্যান্য সকল রপ্তানিমুখী খাতের সম্ভাবনা বিবেচনায় নিয়ে বিদ্যমান বন্ড সংক্রান্ত বিধি-বিধান সংশোধন করার প্রস্তাব করছি যাতে সকল খাত বন্ড সুবিধায় তাদের কাঁচামাল আমদানি এবং তৈরি পণ্য রপ্তানি করতে পারে।

২৯৮। ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে শতভাগ রপ্তানিমুখী Compliant পোশাক শিল্প প্রতিষ্ঠানের প্রতিবছর বন্ডের অডিটের বাধ্যবাধকতা রহিত করার প্রস্তাব করছি। তৈরি পোশাক শিল্পের ন্যায় শতভাগ রপ্তানিমুখী লেদারগুডস ও ফুটওয়্যার শিল্প প্রতিষ্ঠান এবং টাওয়েল, লিলেন ও হোমটেক্সটাইল শিল্প প্রতিষ্ঠানের জেনারেল বন্ডের মেয়াদ এক বছরের স্থলে তিন বছর করার প্রস্তাব করছি।

২৯৯। কমিশনারেটের অধিক্ষেত্র নির্বিশেষে মূল প্রতিষ্ঠান হতে ৬০ কি.মি. দূরত্বে অবস্থিত ইউনিটসমূহকে অব্যাহত বন্ড (Continuous Bond) সুবিধার আওতায় আনার প্রস্তাব করছি। বন্ডেড ওয়্যারহাউসে এককালীন কাঁচামাল মজুদের সীমা তুলে দেয়ার প্রস্তাব করছি। বন্ড লাইসেন্সের মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে পূর্ববর্তী ও নতুন মালিকগণের কাস্টমস দপ্তরে সশরীরে উপস্থিত হয়ে সাক্ষাৎকার প্রদানের বিধানটি সম্পূর্ণ বাতিল করার প্রস্তাব করছি।

৩০০। বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে পণ্য জাহাজীকরণের মেয়াদোত্তীর্ণের অন্যূন ৪৮ ঘণ্টা পূর্বে ইউটিলাইজেশন পারমিশন বা ইউপি (UP) গ্রহণের পরিবর্তে ২৪ (চব্বিশ) ঘণ্টা পূর্বে করার প্রস্তাব করছি। যে সকল প্রতিষ্ঠান শতভাগ রপ্তানিমুখী কিন্তু বন্ড লাইসেন্স নেই, সে সকল প্রতিষ্ঠানকে ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে শুল্কমুক্ত সুবিধায় কাঁচামাল সংগ্রহের সুবিধা প্রদান করে একটি প্রজ্ঞাপন জারির প্রস্তাব করছি।

৩০১। জুয়েলারি শিল্পের আধুনিকায়ন ও রপ্তানি বহুমুখীকরণের লক্ষ্যে শুল্কমুক্তভাবে কাঁচামাল আমদানি এবং তা হতে প্রস্তুতকৃত জুয়েলারি রপ্তানি কার্যক্রম সুষ্ঠু, স্বচ্ছ ও নিয়মতান্ত্রিকভাবে পরিচালনার লক্ষ্যে বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির আওতায় একটি নতুন প্রজ্ঞাপন জারির প্রস্তাব করছি। রপ্তানিমুখী শিল্পের প্রসার ও রপ্তানি পণ্যের বৈচিত্রায়নের জন্য নতুন ১০টি খাতে (মোটরসাইকেল, স্পিডবোট, মৎস্য প্রক্রিয়াজাতকরণ, হস্তশিল্পজাত পণ্য, ডাইভারসিফাইড পাটজাত পণ্য, ডায়াপার ও স্যানিটারি ন্যাপকিন, ক্রোকারিজ সামগ্রী, তাঁবু , রিসাইকেলড কটন ব্যাগ এবং টেরি টাওয়েল খাত) বন্ড লাইসেন্স ব্যতীত শুধুমাত্র ব্যাংক গ্যারান্টির মাধ্যমে কাঁচামাল আমদানির সুযোগ প্রদান করার প্রস্তাব করছি। বন্ড লাইসেন্স ব্যতীত কেবলমাত্র ব্যাংক গ্যারান্টির মাধ্যমে শুল্কমুক্ত সুবিধায় কাঁচামাল আমদানি করে পণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৩০ শতাংশ মূল্য সংযোজন (Value Addition) করার আইনি বাধ্যবাধকতা সম্পূর্ণ বিলোপ করার প্রস্তাব করছি।

৩০২। Authorized Economic Operator (AEO) প্রতিষ্ঠানসমূহ কর্তৃক System Based Self-Assessment পদ্ধতিতে পণ্য খালাসের হার বর্তমানের তুলনায় দ্বিগুণ করার প্রস্তাব করছি। একইসাথে কমপ্লায়েন্ট ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক

AEO সুবিধার আবেদনের ক্ষেত্রে হালনাগাদ নিরীক্ষা প্রতিবেদন জমা দেওয়ার বাধ্যবাধকতা বাতিল করার প্রস্তাব করছি।

৩০৩। আমদানি পণ্য ছাড়করণের ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের সঠিকতা ও গুণগত মান যাচাইয়ের ক্ষেত্রে বর্তমানে কেবল সরকারি ল্যাবরেটরির ওপর নির্ভর করায় অনেক সময় বন্দরে অনাকাঙ্ক্ষিত পণ্য জটের সৃষ্টি হয়, যা পণ্য খালাস প্রক্রিয়াকে দীর্ঘায়িত করছে। এই জটিলতা নিরসন এবং ব্যবসা সহজীকরণের লক্ষ্যে সরকারি ল্যাবের পাশাপাশি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড ও আইএসও (ISO) স্বীকৃত বেসরকারি ল্যাবরেটরিতেও পণ্য পরীক্ষার সুযোগ রেখে নতুন বিধান করার প্রস্তাব করছি।

৩০৪। স্থানীয়ভাবে কীটনাশক ও বালাইনাশক প্রস্তুতকারক প্রতিষ্ঠানসমূহকে কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদানের প্রজ্ঞাপনে কৃষি মন্ত্রণালয় হতে চালানভিত্তিক প্রত্যয়ন নেয়ার পরিবর্তে বার্ষিক প্রাপ্যতাভিত্তিক একবার প্রত্যয়ন নেয়ার বিধান করার প্রস্তাব করছি। বিভিন্ন কাস্টমস হাউসে ডাক বা কুরিয়ারযোগে আনিত ক্ষুদ্র ও স্বল্পমূল্যের পণ্যচালানে অসচেতনতাবশত সাধারণ ব্যত্যয়ের ক্ষেত্রে বর্তমানে বিদ্যমান ন্যূনতম ৫০ হাজার টাকা জরিমানা আরোপের বিধান বিলোপ করার প্রস্তাব করছি।

মূল্য সংযোজন কর সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিনিয়ন্ত্রণকরণ (Deregulation)

মাননীয় স্পিকার

৩০৫। মূসক রিফান্ড আবেদন গ্রহণ, যাচাই, অনুমোদন এবং মূসক ফেরতের অর্থ iBAS++ এর মাধ্যমে সরকারি কোষাগার হতে করদাতার ব্যাংক হিসাবে সরাসরি স্থানান্তরের ধাপগুলো স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় আরো ভালোভাবে সম্পন্ন হবে এবং করদাতাগণ সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে ঘরে বা অফিসে বসেই মূসক রিফান্ড কার্যকরভাবে পাবেন। আগামী অর্থবছরের শুরু থেকে আয়করের eReturn এর ন্যায়

eVAT সিস্টেম হতে অনলাইনে ভ্যাট রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হবে। করদাতাগণ ঘরে অথবা নিজ অফিসে বসেই তাদের আয়কর ও ভ্যাট রিটার্ন অনলাইনে দাখিল করবেন।

৩০৬। ক্ষুদ্র ভ্যাটদাতাদের জন্য সহজে মূসক দাখিলপত্র দাখিলের সুবিধার্থে আলাদা ভ্যাট রিটার্ন ফরম প্রবর্তন করা হবে যাতে তাঁরা অতি সহজে অল্প কিছু তথ্য পূরণ করে অনলাইনে রিটার্ন দাখিল করতে পারেন। eVAT সিস্টেমে আবেদন করার সাথে সাথেই, তাৎক্ষণিকভাবে ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (বিআইএন) প্রদান করার লক্ষ্যে আইনে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের প্রস্তাব করছি। প্রতিমাসে রিটার্ন দাখিলে বাধ্যবাধকতা প্রত্যাহারপূর্বক প্রতি তিন মাসে একবার অর্থাৎ ত্রৈমাসিকভাবে রিটার্ন দাখিলের বিধান প্রণয়নের প্রস্তাব করছি। যে সকল করদাতা নিজস্ব ERP software ব্যবহার করেন, তারা যাতে নিজস্ব সফটওয়ার হতে এক ক্লিকেই ভ্যাট রিটার্ন দাখিল করতে পারেন তার ব্যবস্থা করা হচ্ছে।

৩০৭। আপিল দায়ের প্রক্রিয়া সহজ করার লক্ষ্যে আয়করের ক্ষেত্রে আপিলে মামলা দায়েরের ক্ষেত্রে ১% কর, কর আপিল ট্রাইব্যুনালে মামলা দায়েরের ক্ষেত্রে কর ১০% হতে কমিয়ে ৩% ও হাইকোর্টে আপিল দায়েরের ক্ষেত্রে কর ২৫% শতাংশ হতে কমিয়ে ১০% প্রস্তাব করছি। কাস্টমস আপিলের ক্ষেত্রে ১০% হতে কমিয়ে ১%, ট্রাইব্যুনালের ক্ষেত্রে ১০% থেকে কমিয়ে ১% এবং হাইকোর্টে ২% কর পরিশোধ করে আপিল, ট্রাইব্যনাল এবং হাইকোর্টে আপিল করার সুযোগ দেয়ার প্রস্তাব করছি;

৩০৮। ভ্যাটের আপিল কমিশনারেট, ট্রাইবুনাল এবং হাইকোর্টে আপিল দায়েরের সকল ক্ষেত্রে ১০% কর পরিশোধের বিধানের পরিবর্তে আপিল কমিশনারেটের ক্ষেত্রে ১%, ট্রাইব্যনালের ক্ষেত্রে ১% এবং হাইকোর্টের ক্ষেত্রে ২% কর পরিশোধ করে আপিল কমিশনারেট, ট্রাইব্যুনাল এবং হাইকোর্টে আপিল করার সুযোগ দেয়ার প্রস্তাব

করছি। সকল ক্ষেত্রে কর কর্মকর্তাগণের Discretionary Power বিলোপ করার প্রস্তাব করছি।

মুনাফা ও মূলধন প্রত্যাবাসন, বৈদেশিক লেনদেন, ব্যাংকিং সেবা ও ডিজিটাল আর্থিক লেনদেন সহজীকরণে উদ্যোগ

মাননীয় স্পিকার

৩০৯। বিদেশি বিনিয়োগকারীর আস্থার গুরুত্বপূর্ণ ভিত্তি হলো বৈধ মুনাফা ও মূলধন প্রত্যাবাসনের নিয়ম স্পষ্ট হওয়া এবং সিদ্ধান্ত দ্রুত পাওয়া। এ লক্ষ্যে বৈধ বিদেশি বিনিয়োগের মুনাফা প্রত্যাবাসনের আবেদন নিষ্পত্তির জন্য ত্রিশ দিনের সময়সীমা নির্ধারণ করা হবে। ব্যাংকিং যাচাই, কর-সংক্রান্ত ডকুমেন্ট ও অনুমোদন প্রক্রিয়ার মধ্যে সমন্বয় জোরদার করা হবে।

৩১০। Non-Resident Investors Taka Account (NITA)-এর মাধ্যমে ক্রয়কৃত শেয়ার বা সিকিউরিটিজ বিক্রয়লব্ধ অর্থ প্রত্যাবাসন ও পুনঃবিনিয়োগ সহজ করা হয়েছে। Auditor's certificate-এর বাধ্যবাধকতা প্রত্যাহার করে বিক্রয়লব্ধ অর্থ সরাসরি সংশ্লিষ্ট NITA হিসাবে জমার সুযোগ দেওয়া হয়েছে। এতে repatriation ও reinvestment এক কর্মদিবসের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে এবং compliance cost কমবে।

৩১১। অতালিকাভুক্ত কোম্পানির শেয়ার হস্তান্তর ও মূলধন প্রত্যাবাসন সহজ করা হয়েছে। এক কোটি টাকা পর্যন্ত deal value-এর ক্ষেত্রে valuation report-এর প্রয়োজন হবে না এবং ১০০ কোটি টাকা পর্যন্ত deal value বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়াই repatriation করা যাবে। বড় অঙ্কের লেনদেনে শেয়ার মূল্যায়ন আরও নিরপেক্ষ করতে licensed valuation firms ব্যবহারের উদ্যোগ নেওয়া হবে।

৩১২। মূল্যায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে বাংলাদেশ ব্যাংক, বিডা, বিএসইসি, জাতীয় রাজস্ব বোর্ড এবং বেসরকারি খাতের প্রতিনিধিদের সমন্বয়ে Certification Board গঠনের বিষয় বিবেচনা করা হবে। অনুমোদিত valuation firms-এর প্রতিবেদন গ্রহণযোগ্য হলে capital repatriation-এ পুনরাবৃত্ত যাচাই ও বিলম্ব কমবে।

৩১৩। বৈদেশিক বাণিজ্যে সময় ও ব্যয় কমাতে নির্ভরযোগ্য আমদানিকারক ও কম-ঝুঁকির পণ্যের ক্ষেত্রে ঋণপত্রের বাধ্যতামূলক ব্যবহার ধাপে ধাপে শিথিল করার বিষয় বিবেচনা করা হবে। উপযুক্ত ক্ষেত্রে Documents against Payment (D/P) এবং Telegraphic Transfer (TT)-এর ব্যবহার বাড়ানো হবে।

৩১৪। বিদেশি ব্যাংক গ্যারান্টি বা Standby Letter of Credit (SBLC)-এর বিপরীতে দেশীয় উৎস থেকে অর্থায়ন গ্রহণের সুযোগ সহজ করা হয়েছে। দেশে নিবন্ধিত কোম্পানিগুলো মালিকানা বা নিয়ন্ত্রণ কাঠামো নির্বিশেষে প্রযোজ্য বিধি অনুযায়ী টাকায় ঋণ গ্রহণ করতে পারবে। এতে দেশীয় ঋণপ্রাপ্তি সহজ হবে এবং financing flexibility বাড়বে।

৩১৫। Offshore Banking Unit (OBU) থেকে ঋণ গ্রহণে প্রতিটি ঋণের জন্য আলাদা পূর্বানুমোদনের প্রয়োজনীয়তা পুনর্বিবেচনা করা হবে। তবে CIB reporting, single borrower limit, loan classification এবং provisioning-সংক্রান্ত বিধান বহাল থাকবে। এতে বৈদেশিক মুদ্রায় অর্থায়ন দ্রুত হবে এবং অনুমোদনজনিত অপ্রয়োজনীয় বিলম্ব কমবে।

৩১৬। ব্যাংকের ব্যবসা কেন্দ্র বা শাখার ভাড়া, ইজারা, নবায়ন ও স্থানান্তর অনুমোদন প্রক্রিয়া সহজ করা হয়েছে। অঞ্চলভিত্তিক নির্ধারিত ভাড়া সীমার মধ্যে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনেই এসব সিদ্ধান্ত নেওয়া যাবে। এতে শাখা সম্প্রসারণ ও operational decision-making দ্রুত হবে।

৩১৭। সরকারি সুকুকে বিনিয়োগের জন্য Sukuk Investor ID (SIID) খোলার প্রক্রিয়া সহজ করা হয়েছে। নির্ধারিত আবেদন ফরম, প্রয়োজনীয় কাগজপত্র ও ফি কাঠামো নির্ধারণ করা হয়েছে। ফলে সরকারি সুকুকে বিনিয়োগ আরও সহজ, স্বচ্ছ ও বিনিয়োগবান্ধব হবে।

৩১৮। ডিজিটাল অর্থনীতির ভিত্তি শক্তিশালী করতে Real Time Gross Settlement (RTGS) আরও কার্যকর করা হবে। ব্যাংক, মোবাইলভিত্তিক আর্থিক সেবা, পেমেন্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সেবামাধ্যমের মধ্যে দ্রুত অর্থ পরিশোধ ও নিষ্পত্তির ব্যবস্থা গড়ে তোলা হবে। এতে নগদ অর্থের ওপর নির্ভরতা কমবে এবং cashless লেনদেন বাড়বে।

৩১৯। ক্ষুদ্র ঋণ গ্রহণ ও বিতরণ সহজ করতে e-Loan চালুর সুযোগ দেওয়া হয়েছে। সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে সর্বোচ্চ পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত ঋণ বারো মাস মেয়াদে প্রদান করা যাবে। এতে ক্ষুদ্র ঋণপ্রাপ্তি সহজ হবে, আর্থিক অন্তর্ভুক্তি বাড়বে এবং গ্রাহকের সময় ও পরিচালন ব্যয় কমবে।

৩২০। খেলাপি ঋণ নিষ্পত্তিতে মামলা দায়েরের আগে Pre-Suit Mediation বা মামলা-পূর্ব মধ্যস্থতা ব্যবহারে উৎসাহ দেওয়া হয়েছে। এতে আদালতনির্ভর দীর্ঘ প্রক্রিয়া ও ব্যয় কমবে, ঋণসংক্রান্ত বিরোধ দ্রুত নিষ্পত্তি হবে এবং recovery efficiency বাড়বে।

৩২১। পরিবেশবান্ধব যানবাহন ও ব্যক্তিগত অর্থায়ন সহজ করতে Auto Loan ও Personal Loan-সংক্রান্ত prudential regulations শিথিল করা হয়েছে। Electric ও hybrid vehicle-এর জন্য Auto Loan সীমা ষাট লক্ষ টাকা থেকে আশি লক্ষ টাকা এবং debt-equity ratio ষাট:চল্লিশ থেকে আশি:বিশ করা হয়েছে। জামানতবিহীন ব্যক্তিগত ঋণের সীমা পাঁচ লক্ষ টাকা থেকে দশ লক্ষ টাকা এবং জামানতযুক্ত ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ চল্লিশ লক্ষ টাকা পর্যন্ত করা হয়েছে।

৩২২। Credit Card Operations-সংক্রান্ত নির্দেশিকা হালনাগাদ করে ঋণসীমা বৃদ্ধি করা হয়েছে। জামানতবিহীন ক্রেডিট কার্ডের সীমা দশ লক্ষ টাকা থেকে বিশ লক্ষ টাকা এবং সিকিউরিটিজের বিপরীতে সীমা বিশ লক্ষ টাকা থেকে চল্লিশ লক্ষ টাকা করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়াই ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনে নতুন ক্রেডিট কার্ড চালুর সুযোগ দেওয়া হয়েছে।

৩২৩। এসব উদ্যোগের ফলে বৈধ মুনাফা ও মূলধন প্রত্যাবাসন, বৈদেশিক বাণিজ্য, দেশীয় ও বৈদেশিক অর্থায়ন, ব্যাংকিং সেবা, ডিজিটাল ঋণ এবং নগদবিহীন লেনদেনে সময়, ব্যয় ও প্রশাসনিক জটিলতা কমবে। একই সঙ্গে বিনিয়োগকারীর আস্থা, আর্থিক অন্তর্ভুক্তি এবং ডিজিটাল অর্থনীতির বিকাশে নতুন গতি আসবে।

পুঁজিবাজারে মূলধন সংগ্রহ সহজীকরণে পদক্ষেপ

মাননীয় স্পিকার

৩২৪। একটি শক্তিশালী পুঁজিবাজার দীর্ঘমেয়াদি অর্থায়নের গুরুত্বপূর্ণ উৎস। শিল্প, অবকাঠামো, নগর উন্নয়ন, প্রযুক্তিনির্ভর উদ্যোগ এবং সম্ভাবনাময় ব্যবসা শুধু ব্যাংকঋণের ওপর নির্ভর করলে আর্থিক খাতের ওপর চাপ বাড়ে। তাই পুঁজিবাজারকে গভীর, বহুমাত্রিক, স্বচ্ছ ও আস্থাভিত্তিক করে উৎপাদনশীল খাত ও সম্ভাবনাময় কোম্পানির দীর্ঘমেয়াদি মূলধন সংগ্রহের কার্যকর প্ল্যাটফর্মে পরিণত করা হবে।

৩২৫। ভালো ও সম্ভাবনাময় কোম্পানিগুলো কেন পুঁজিবাজারে তালিকাভুক্ত হতে আগ্রহী হয় না, তা পর্যালোচনা করা হচ্ছে। অপ্রয়োজনীয় জটিলতা, দীর্ঘসূত্রিতা, অতিরিক্ত ব্যয়, একই ধরনের কাগজপত্র বারবার দাখিল এবং অনুমোদন ও পরিপালন-সংক্রান্ত অস্পষ্টতা ধাপে ধাপে কমানো হবে। বিনিয়োগকারীর সুরক্ষা অক্ষুণ্ন রেখে তালিকাভুক্তির মানদণ্ড আরও স্বচ্ছ, বাস্তবসম্মত এবং প্রবৃদ্ধিশীল কোম্পানির জন্য সহায়ক করা হবে।

৩২৬। Initial Public Offering (IPO) প্রক্রিয়া সহজ, সময়াবদ্ধ ও প্রযুক্তিনির্ভর করা হবে। আবেদন, আনুষঙ্গিক দলিল, যাচাই-বাছাই, ফি পরিশোধ, সংশোধন ও অনুমোদনের ধাপ অনলাইনে সম্পন্ন হবে। ইস্যুকারী কোম্পানি, issue manager, stock exchange, CDBL ও নিয়ন্ত্রক সংস্থার মধ্যে তথ্য আদান-প্রদান সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্মে হবে। যোগ্য ও পরিপক্ব কোম্পানির জন্য direct listing-এর সম্ভাবনাও পর্যালোচনা করা হবে।

৩২৭। পুঁজিবাজারকে স্থিতিশীল করতে পেনশন তহবিল, বীমা প্রতিষ্ঠান, Asset Management Company (AMC), mutual fund এবং অন্যান্য দীর্ঘমেয়াদি বিনিয়োগকারীর অংশগ্রহণ বাড়ানো হবে। নতুন AMC গড়ে তোলা, পেশাদার fund management জোরদার করা এবং দীর্ঘমেয়াদি সঞ্চয়কে বিনিয়োগে রূপান্তরের সুযোগ বাড়িয়ে mutual fund-এর আকার ও সংখ্যা বৃদ্ধি করা হবে।

৩২৮। দীর্ঘমেয়াদি অর্থায়নের সুযোগ বাড়াতে corporate bond market সম্প্রসারণ এবং স্থানীয় সরকার ও নগর অবকাঠামো উন্নয়নে municipal bond ইস্যুর ব্যবস্থা করা হবে। সরকারি ও বেসরকারি দীর্ঘমেয়াদি প্রকল্পে bond, Sukuk, infrastructure fund এবং অন্যান্য financing instruments-এর ব্যবহার বাড়ানো হবে, যাতে ব্যাংকঋণের ওপর নির্ভরতা কমে।

৩২৯। বিনিয়োগের সুযোগ ও financial products-এর পরিসর বাড়াতে দেশের প্রথম commodity exchange কার্যকরভাবে চালুর উদ্যোগ নেওয়া হবে। বিদ্যমান লাইসেন্স কার্যকর করা, প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন, প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞ সহায়তা নিশ্চিত করা হবে। Real Estate Investment Trust (REIT), Exchange Traded Fund (ETF), index hedging এবং সম্ভাব্য currency hedging instruments-এর ব্যবহারযোগ্যতাও পর্যালোচনা করা হবে।

৩৩০। দেশীয় কোম্পানির জন্য আঞ্চলিক stock exchange-এ dual listing-এর সুযোগ এবং বাছাইকৃত রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তির সম্ভাবনা যাচাই করা হবে। অনাবাসী বাংলাদেশি ও বিদেশি বিনিয়োগকারীর অংশগ্রহণ সহজ করতে NITA হিসাব খোলা ও পরিচালনার প্রক্রিয়া আরও সহজ করা হবে।

৩৩১। বিনিয়োগকারীর আস্থা বাড়াতে তালিকাভুক্ত কোম্পানির তথ্য প্রকাশ, আর্থিক প্রতিবেদন, নিরীক্ষা, শেয়ার মূল্যায়ন, credit rating, IPO ব্যবস্থাপনা ও research report-এর মান উন্নত করা হবে। Auditor, valuer, issue manager, credit rating agency, research analyst, merchant banker, broker-dealer এবং অন্যান্য বাজার-মধ্যস্থতাকারীর দায়িত্ব ও দায়বদ্ধতা স্পষ্ট করা হবে। প্রয়োজন হলে professional liability framework এবং professional indemnity বা liability insurance বিবেচনা করা হবে।

৩৩২। লেনদেনের পর শেয়ার ও অর্থ হস্তান্তর দ্রুত ও নিরাপদ করতে settlement সময় ধাপে ধাপে কমানো হবে। বর্তমানে T+২ ভিত্তিক নিষ্পত্তি ব্যবস্থা চালু থাকলেও তা T+১-এ নামিয়ে আনার উদ্যোগ নেওয়া হবে এবং প্রয়োজনীয় প্রযুক্তি, ঝুঁকি ব্যবস্থাপনা ও বাজার অবকাঠামো নিশ্চিত করে পরবর্তী ধাপে T+০ বা একই দিনে নিষ্পত্তির লক্ষ্য নিয়ে প্রস্তুতি নেওয়া হবে। বিএসইসি, stock exchange, CDBL, bank, broker, issuer company ও সংশ্লিষ্ট সংস্থার তথ্যব্যবস্থার সমন্বয় জোরদার করা হবে।

৩৩৩। পুঁজিবাজার-সংক্রান্ত বিরোধ দ্রুত নিষ্পত্তির জন্য বিশেষায়িত dispute resolution ব্যবস্থা গড়ে তোলার বিষয় পর্যালোচনা করা হচ্ছে। প্রয়োজনে বিশেষ ট্রাইব্যুনাল বা দ্রুত নিষ্পত্তি আদালত গঠনের সম্ভাবনা বিবেচনা করা হবে, যার সিদ্ধান্ত বাস্তবায়নের আইনি ক্ষমতা থাকবে। এতে বিনিয়োগকারীর আস্থা বাড়বে এবং বাজারে শৃঙ্খলা শক্তিশালী হবে।

৩৩৪। এসব উদ্যোগ পুঁজিবাজারকে শুধু শেয়ার কেনাবেচার ক্ষেত্র নয়, বরং দীর্ঘমেয়াদি মূলধন সংগ্রহ, অবকাঠামো অর্থায়ন, সঞ্চয়কে উৎপাদনশীল বিনিয়োগে রূপান্তর এবং দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণের শক্তিশালী প্ল্যাটফর্মে পরিণত করবে।

নির্মাণ, পরিবেশ, স্থানীয় অনুমোদন ও প্রতিপালন সহজীকরণে উদ্যোগ

মাননীয় স্পিকার

৩৩৫। শিল্প স্থাপনের ক্ষেত্রে স্থান নির্বাচনসংক্রান্ত ছাড়পত্র, পরিবেশগত ছাড়পত্র, নির্মাণ অনুমোদন, অগ্নিনিরাপত্তা ছাড়পত্র, ভূমি ও নকশা অনুমোদনের দীর্ঘসূত্রিতা প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ঘটায় এবং বিনিয়োগ ব্যয় বাড়ায়। পরিবেশ, জননিরাপত্তা, অগ্নিনিরাপত্তা ও নগর পরিকল্পনার মান অক্ষুণ্ন রেখে এসব সেবা অনলাইনভিত্তিক, সমন্বিত ও নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিষ্পত্তির উদ্যোগ নেওয়া হচ্ছে।

৩৩৬। শিল্পকারখানার স্থান নির্বাচনসংক্রান্ত ছাড়পত্র এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদন অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তি করা হবে। আবেদন যাচাই, প্রয়োজনীয় পরিদর্শন, মতামত প্রদান এবং ছাড়পত্র দেওয়ার প্রতিটি ধাপের সময়সীমা নির্ধারণ করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার সেবামাধ্যমের মধ্যে তথ্যের আন্তঃবিনিময় জোরদার করা হবে, যাতে উদ্যোক্তাকে একই তথ্য বারবার দিতে না হয়।

৩৩৭। নির্মাণ, অগ্নিনিরাপত্তা, পরিবেশ, ভূমি ও নকশা অনুমোদনের জন্য সমন্বিত Single Window System চালু করা হবে। অনলাইনে আবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট দপ্তরসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় পরিদর্শন সম্পন্ন করে অনলাইনে প্রতিবেদন দাখিল করবে এবং এসব প্রতিবেদনের ভিত্তিতে একই প্ল্যাটফর্ম থেকে অনুমোদন দেওয়া হবে। এতে পৃথক পৃথক আবেদন, দপ্তরে দপ্তরে যোগাযোগ এবং বারবার পরিদর্শনের প্রয়োজন কমবে।

৩৩৮। অনুমোদন ও যাচাই প্রক্রিয়ায় Risk Assessment System চালু করা হবে। এ পদ্ধতিতে ঝুঁকির মাত্রা নির্ধারণ করে কম-ঝুঁকির ক্ষেত্রে দ্রুত সেবা প্রদান এবং উচ্চ-ঝুঁকির ক্ষেত্রে প্রয়োজনীয় যাচাই ও তদারকি নিশ্চিত করা হবে। এতে যাচাইয়ের মান বজায় থাকবে এবং উদ্যোক্তার সময়, ব্যয় ও অনিশ্চয়তা কমবে।

৩৩৯। ক্ষুদ্র, অতিক্ষুদ্র ও নবীন উদ্যোক্তাদের জন্য সহজ Compliance Framework বা প্রতিপালন নীতিমালা প্রণয়ন করা হবে। লাইসেন্স গ্রহণ, নবায়ন ও নিয়মিত প্রতিপালনের শর্ত সহজ করা হবে। সহজ নির্দেশিকা, অনলাইন সহায়তা, নির্দিষ্ট ফি এবং সহজ নবায়ন ব্যবস্থার মাধ্যমে অনানুষ্ঠানিক খাতের ছোট উদ্যোক্তাদের আনুষ্ঠানিক অর্থনীতির আওতায় আনা হবে।

মাননীয় স্পিকার

৩৪০। আমরা এ সকল বিনিয়ন্ত্রণকরণ কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি উচ্চ পর্যায়ের ট্রাস্কফোর্স গঠন করবো। এ ছাড়াও, এ কার্যক্রমসমূহ যথাযথ মনিটরিং-এর লক্ষ্যে একটি ডেডিকেটেড ওয়েবসাইট উন্নয়ন করছি, যেখানে সেবা গ্রহীতাগণ সরাসরি সেবা প্রদান বিষয়ে অনিয়ম বা অভিযোগ দাখিল করতে এবং তার প্রতিকার সম্পর্কে জানতে পারবেন।

৩৪১। সরকারের এ সংস্কার কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগ-সংক্রান্ত সেবায় একটি নতুন প্রশাসনিক সংস্কৃতি গড়ে তোলা হবে। এতে সংশ্লিষ্ট দপ্তরগুলোর মধ্যে সমন্বয়, তথ্যের আন্তঃবিনিময়, অনলাইন অগ্রগতি পর্যবেক্ষণ এবং নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান নিশ্চিত হবে। এই কর্মসূচি বাস্তবায়িত হলে ব্যবসা শুরু ও পরিচালনা সহজ হবে, ব্যবসা পরিচালনার ব্যয় কমবে এবং বিনিয়োগকারীর আস্থা বাড়বে। কর ও শুল্ক পরিপালন, বৈদেশিক লেনদেন, ব্যাংকিং সেবা, পুঁজিবাজারভিত্তিক অর্থায়ন, নির্মাণ অনুমোদন, পরিবেশগত ছাড়পত্র এবং স্থানীয় লাইসেন্সিংয়ের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা কমে আসবে। এর ফলে উৎপাদন, রপ্তানি,

অবকাঠামো উন্নয়ন, নতুন শিল্পায়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে বেসরকারি খাত আরও সক্রিয় ভূমিকা রাখতে পারবে।

৩৪২। স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ-পরবর্তী প্রতিযোগিতা মোকাবিলা, রপ্তানি পণ্যের বহুমুখীকরণ, উচ্চতর বিনিয়োগ প্রবাহ, উৎপাদনশীল কর্মসংস্থান এবং টেকসই প্রবৃদ্ধির জন্য ব্যবসা-সহায়ক পরিবেশ এখন আরও গুরুত্বপূর্ণ। বিনিয়ন্ত্রণকরণ বা Deregulation-সংক্রান্ত এ সংস্কার কর্মসূচি সেই লক্ষ্য অর্জনের একটি বাস্তবমুখী পদক্ষেপ। এর মাধ্যমে আমরা এমন একটি বাংলাদেশ গড়ে তুলতে চাই, যেখানে উদ্যোক্তা আত্মবিশ্বাসের সঙ্গে বিনিয়োগ করবেন, বিনিয়োগকারী দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিতে পারবেন এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের সুফল আরও বেশি মানুষের কাছে পৌঁছাবে।

নবম অধ্যায়: উপসংহার

মাননীয় স্পিকার

৩৪৩। আমি মহান জাতীয় সংসদের সম্মানিত সদস্যবৃন্দ, দেশের কৃষক, শ্রমিক, শিক্ষার্থী, নারী, তরুণ, উদ্যোক্তা, পেশাজীবী, প্রবাসী এবং জাতি-ধর্ম-বর্ণ-শ্রেনি-পেশা নির্বিশেষে সর্বস্তরের জনগণের সহযোগিতা কামনা করছি। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের ধারাবাহিক পদক্ষেপ, অর্থনৈতিক সংস্কারের সাহসী উদ্যোগ এবং জাতীয় ঐক্যবদ্ধ প্রচেষ্টার মধ্য দিয়েই বাংলাদেশ তার কাঙ্ক্ষিত লক্ষ্যের দিকে দৃঢ়ভাবে অগ্রসর হবে।

৩৪৪। আমাদের প্রত্যয় এমন একটি বাংলাদেশ গড়ে তোলা, যেখানে সুযোগের দ্বার সবার জন্য উন্মুক্ত থাকবে, উদ্যোগ ও উদ্ভাবন উৎসাহিত হবে, পরিশ্রমের ন্যায্য মূল্য নিশ্চিত হবে এবং অর্থনৈতিক অগ্রগতির সুফল প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে যাবে। অর্থনৈতিক গণতন্ত্রায়ণ, বিনিয়ন্ত্রণকরণ এবং জনগণের ক্ষমতায়নের ভিত্তিতেই আমরা একটি সমৃদ্ধ ও আত্মবিশ্বাসী বাংলাদেশ নির্মাণ করব ইনশাআল্লাহ।

৩৪৫। আমরা বিশ্বাস করি, জনগণের শক্তি, সৃজনশীলতা ও উদ্যোগই বাংলাদেশের সবচেয়ে বড় সম্পদ। সেই শক্তিকে বিকশিত করার মধ্য দিয়েই আমরা গণমানুষের ভাগ্যের পরিবর্তন করতে চাই, সমস্যার সমাধান করতে চাই, এবং সম্মিলিত প্রয়াসে গড়ে তুলতে চাই গণআকাঙ্খার এক স্বনির্ভর ও মর্যাদাবান বাংলাদেশ।

৩৪৬। আমরা চাই, আগামীর সমৃদ্ধ বাংলাদেশের গৌরব হোক সকলের।

মাননীয় স্পিকার

আপনাকে অসংখ্য ধন্যবাদ।

বাংলাদেশ জিন্দাবাদ।

পরিশিষ্ট-ক

সারণি ক-১: ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দ

(কোটি টাকায়)

খাত	বাজেট ২০২৫-২৬	সংশোধিত বাজেট ২০২৫-২৬	হিসাব ২০২৫-২৬ (মার্চ ২০২৬ পর্যন্ত)সা
১	২	৩	৪
মোট রাজস্ব আয়	**৫,৬৪,০০০**	**৫,৮৮,০০০**	**৩,৩১,১৩৭**
	(৯.০)	(৯.৭)	(৫.৪)
এনবিআর কর	৪,৯৯,০০০	৫,০৩,০০০	২,৮৩,৯২৪
এনবিআর বহির্ভূত কর	১৯,০০০	২০,০০০	৬,৩১৭
কর ব্যতীত প্রাপ্তি	৪৬,০০০	৬৫,০০০	৪০,৮৯৬
মোট ব্যয়	**৭,৯০,০০০**	**৭,৮৮,০০০**	**৪,০৫,৩০৫**
	(১২.৭)	(১৩.০)	(৬.৭)
পরিচালন আবর্তক ব্যয়	৪,৯৮,৭৮৩	৫,১৩,৩৬২	৩,১৩,৮২০
	(৮.০)	(৮.৪)	(৫.২)
উন্নয়ন ব্যয়	২,৪৫,৬০৯	২,১৪,৮৬২	৫৭,০৭২
	(৩.৯)	(৩.৫)	(০.৯)
বার্ষিক উন্নয়ন কর্মসূচি	২,৩০,০০০	২,০০,০০০	৫৫,৮৪৯
	(৩.৭)	(৩.৩)	(০.৯)
পরিচালন মূলধন ও অন্যান্য ব্যয়	৪৫,৬০৮	৫৯,৭৭৬	৩৪,৪১৩
	(০.৭)	(১.০)	(০.৬)
বাজেট ঘাটতি	**-২,২৬,০০০**	**-২,০০,০০০**	**-৭৪,১৬৮**
	(-৩.৬)	(-৩.৩)	(-১.০)
অর্থায়ন			
বৈদেশিক উৎস (অনুদানসহ)	১,০১,০০০	৬৩,০০০	-৭,৬৭৭
	(১.৬)	(১.০)	(-০.১)
অভ্যন্তরীণ উৎস	১,২৫,০০০	১,৩৭,০০০	৮২,২৪৩
	(২.০)	(২.৩)	(১.৪)
ব্যাংকিং উৎস	১,০৪,০০০	১,১৮,০০০	১,০২,৪৪২
	(১.৭)	(১.৯)	(১.৭)
জিডিপি	**৬২,৪৪,৫৭৮ক**	**৬০,৮০,৩২০সা**	**৬০,৮০,৩২০সা**

উৎস: অর্থ বিভাগ; বন্ধনিতে জিডিপি'র শতাংশ; ক=বাজেট প্রণয়নকালীন প্রাক্কলিত নামিক জিডিপি; সা=সাময়িক

সারণি ক-২: ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট কাঠামো

(কোটি টাকায়)

খাত	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬	হিসাব ২০২৪-২৫
১	২	৩	৪	৫
মোট রাজস্ব আয়	**৬,৯৫,০০০**	**৫,৮৮,০০০**	**৫,৬৪,০০০**	**৪,৩৭,০২৯**
	(১০.২)	(৯.৭)	(৯.০)	(৭.৯)
তন্মধ্যে,				
এনবিআর কর	৬,০৪,০০০	৫,০৩,০০০	৪,৯৯,০০০	৩,৬৯,৫২৮
এনবিআর বহির্ভূত কর	২৫,০০০	২০,০০০	১৯,০০০	৮,১৯২
কর ব্যতীত প্রাপ্তি	৬৬,০০০	৬৫,০০০	৪৬,০০০	৫৯,৩০৯
মোট ব্যয়	**৯,৩৮,০০০**	**৭,৮৮,০০০**	**৭,৯০,০০০**	**৬,৩১,২৭৩**
	(১৩.৭)	(১৩.০)	(১২.৭)	(১১.৪)
(ক) পরিচালন আবর্তক ব্যয়	**৫,৫১,০৮৭**	**৫,১৩,৩৬২**	**৪,৯৮,৭৮৩**	**৪,৬১,৭৪৩**
	(৮.১)	(৮.৪)	(৮.০)	(৮.৪)
(খ) উন্নয়ন ব্যয়	**৩,১৬,০৭৫**	**২,১৪,৮৬২**	**২,৪৫,৬০৯**	**১,৫২,৪৪৯**
	(৪.৬)	(৩.৫)	(৩.৯)	(২.৮)
তন্মধ্যে,				
বার্ষিক উন্নয়ন কর্মসূচি	৩,০০,০০০	২,০০,০০০	২,৩০,০০০	১,৪২,৩২৬
	(৪.৪)	(৩.৩)	(৩.৭)	(২.৬)
(গ) পরিচালন মূলধন ও অন্যান্য ব্যয়	**৭০,৮৩৮**	**৫৯,৭৭৬**	৪৫,৬০৮	**১৭,০৮১**
	(১.০)	(১.০)	(০.৭)	(০.৩)
বাজেট ঘাটতি	-২,৪৩,০০০	-২,০০,০০০	**-২,২৬,০০০**	-১,৯৪,২৪৪
	(-৩.৬)	(-৩.৩)	(-৩.৬)	(-৩.৫)
অর্থায়ন				
(ক) বৈদেশিক উৎস (অনুদানসহ)	১,১৬,০০০	৬৩,০০০	১,০১,০০০	৬০,৪৩০
	(১.৭)	(১.০)	(১.৬)	(১.১)
(খ) অভ্যন্তরীণ উৎস	১,২৭,০০০	১,৩৭,০০০	১,২৫,০০০	১,২৫,৩৮৩
	(১.৯)	(২.৩)	(২.০)	(২.৩)
তন্মধ্যে ব্যাংকিং উৎস	১,১২,০০০	১,১৮,০০০	১,০৪,০০০	১,১৪,১৬১
	(১.৬)	(১.৯)	(১.৭)	(২.১)
জিডিপি	**৬৮,৩০,০২৪**	**৬০,৮০,৩২০[সা]**	**৬২,৪৪,৫৭৮[সা]**	**৫৫,১৫,০২৬**

উৎস: অর্থ বিভাগ; বন্ধনিতে জিডিপি'র শতাংশ, সা=সাময়িক

সারণি ক-৩: বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র খাতওয়ারি বিভাজন

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬	হিসাব ২০২৪-২৫	হিসাব ২০২৩-২৪
১	২	৩	৪	৫	৬
(ক) মানব সম্পদ					
১. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	২১,৪৪১	৮,০৬১	১১,৩৯৮	৭,৪২৯	৭,২৩১
	(৭.১)	(৪.০)	(৫.০)	(৫.২)	(৩.৭)
২. স্বাস্থ্যসেবা বিভাগ	২৬,৮০৬	৩,১১৭	১১,৬১৭	২,০০১	৭,৩৬৬
	(৮.৯)	(১.৬)	(৫.১)	(১.৪)	(৩.৭)
৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	২০,৮৩৫	৬,১৯০	১৩,৬২৫	৪,৭৫৩	৪,৯৬৫
	(৬.৯)	(৩.১)	(৫.৯)	(৩.৩)	(২.৫)
৪.অন্যান্য	৫৯,৩৪৪	২৮,৪৩৭	৩২,৮৩৩	১৯,২৮১	২৬,৩৯৩
	(১৯.৮)	(১৪.২)	(১৪.৩)	(১৩.৫)	(১৩.৪)
উপ-মোট:	**১,২৮,৪২৬**	**৪৫,৮০৫**	**৬৯,৪৭৩**	**৩৩,৪৬৪**	**৪৫,৯৫৫**
	(৪২.৮)	**(২২.৯)**	**(৩০.২)**	**(২৩.৫)**	**(২৩.৪)**
(খ) কৃষি ও পল্লি উন্নয়ন					
৫. স্থানীয় সরকার বিভাগ	৩৩,৭৩৫	৩৮,৫৬৬	৩৬,০৯৯	৩০,৭০১	৩৬,৭১৩
	(১১.২)	(১৯.৩)	(১৫.৭)	(২১.৬)	(১৮.৭)
৬. পানি সম্পদ মন্ত্রণালয়	৭,৮৩৩	১০,৫৮২	৮,৪৯০	৯,৮৯৫	১১,৭৩৩
	(২.৬)	(৫.৩)	(৩.৭)	(৭.০)	(৬.০)
৭. কৃষি মন্ত্রণালয়	৭,৯৪৬	৪,০৪৪	৬,৩৩৩	৩,৪১১	৪,১৯৯
	(২.৬)	(২.০)	(২.৮)	(২.৪)	(২.১)
৮. অন্যান্য	৪,২৭৫	৪,৫৫৩	৪,৭৮৪	৩,৩৯৫	৪,৭৬৪
	(১.৪)	(২.৩)	(২.১)	(২.৪)	(২.৪)
উপ-মোট:	**৫৩,৭৮৯**	**৫৭,৭৪৫**	**৫৫,৭০৬**	**৪৭,৪০২**	**৫৭,৪০৯**
	(১৭.৯)	**(২৮.৯)**	**(২৪.২)**	**(৩৩.৩)**	**(২৯.২)**
(গ) জ্বালানী অবকাঠামো					
৯. বিদ্যুৎ বিভাগ	১৪,৯৩৯	১৫,৫৩১	২০,২৮৪	২১,০৯৫	২৭,৩১৪
	(৫.০)	(৭.৮)	(৮.৮)	(১৪.৮)	(১৩.৯)
১০. জ্বালানী ও খনিজ সম্পদ	২,২৫৪	১,২৭৯	২,০৮৬	৯১৯	১,১৬৩
	(০.৮)	(০.৬)	(০.৯)	(০.৬)	(০.৬)
উপ-মোট:	**১৭,১৯৩**	**১৬,৮১০**	**২২,৩৭০**	**২২,০১৪**	**২৮,৪৭৭**
	(৫.৭)	**(৮.৪)**	**(৯.৭)**	**(১৫.৫)**	**(১৪.৫)**
(ঘ) যোগাযোগ অবকাঠামো					

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬	হিসাব ২০২৪-২৫	হিসাব ২০২৩-২৪
১	২	৩	৪	৫	৬
১১. রেলপথ মন্ত্রণালয়	৫,৪৪০	৪,৯২৪	৭,৭১৫	২,৯৮০	১১,১৭৭
	(১.৮)	(২.৫)	(৩.৪)	(২.১)	(৫.৭)
১২. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৩০,৭৪১	১৯,৯৫০	৩২,৩৩০	১৩,৭৬৬	১৯,৮৯০
	(১০.২)	(১০.০)	(১৪.১)	(৯.৭)	(১০.১)
১৩. সেতু বিভাগ	২,৮৯৮	৫,৩১৯	৬,০১২	৪,১৭৬	৭,৪৮৫
	(১.০)	(২.৭)	(২.৬)	(২.৯)	(৩.৮)
১৪.অন্যান্য	১০,০৩২	৭,২৪৫	১১,৭৮৯	৮,৮৬৮	৯,৬২১
	(৩.৩)	(৩.৬)	(৫.১)	(৬.২)	(৪.৯)
উপ-মোট:	**৪৯,১১১**	**৩৭,৪৩৮**	**৫৭,৮৪৬**	**২৯,৭৯০**	**৪৮,১৭৩**
	(১৬.৪)	**(১৮.৭)**	**(২৫.২)**	**(২০.৯)**	**(২৪.৫)**
মোট:	**২,৪৮,৫১৯**	**১,৫৭,৭৯৮**	**২,০৫,৩৯৫**	**১,৩২,৬৭০**	**১,৮০,০১৪**
	(৮২.৮)	**(৭৮.৯)**	**(৮৯.৩)**	**(৯৩.২)**	**(৯১.৬)**
১৫. অন্যান্য	**৫১,৪৮১**	**৪২,২০২**	**২৪,৬০৫**	**৯,৬৫৭**	**১৬,৪৭২**
	(১৭.২)	**(২১.১)**	**(১০.৭)**	**(৬.৮)**	**(৮.৪)**
মোট এডিপি:	**৩,০০,০০০**	**২,০০,০০০**	**২,৩০,০০০**	**১,৪২,৩২৭**	**১,৯৬,৪৮৬**

উৎস: অর্থ বিভাগ; বন্ধনিতে মোট এডিপি বরাদ্দের শতকরা হার দেখানো হয়েছে।

সারণি ক-৪: সমগ্র বাজেটের খাতভিত্তিক বরাদ্দ

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬	হিসাব ২০২৪-২৫	হিসাব ২০২৩-২৪	হিসাব ২০২২-২৩	হিসাব ২০২১-২২
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক) সামাজিক অবকাঠামো	**২,৭৯,০০১**	**১,৮৩,৫৭৪**	**২,০৭,৬২৯**	**১,৪৫,৮৯৯**	**১,৫১,৯৯১**	**১,৪৪,৯২৩**	**১,৪২,৫৬৮**
	(২৯.৭৪)	**(২৩.৩০)**	**(২৬.২৮)**	**(২৩.১১)**	**(২৪.৭৯)**	**(২৫.২৫)**	**(২৭.৪১)**
মানব সম্পদ							
১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	৫৭,৩০১	৪১,৭৫৩	৪৭,৫৬৩	৩৬,৪৭৪	৩২,২৭৬	৩০,৪৯৬	২৮,৯৭০
	(৬.১১)	(৫.৩০)	(৬.০২)	(৫.৭৮)	(৫.২৬)	(৫.৩১)	(৫.৫৭)
২. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	৪৬,৭৩৮	৩১,৭১৯	৩৫,৪০৩	২৫,৮৮৭	২৬,২৩১	২৩,৮১৫	২৩,৪৪০
	(৪.৯৮)	(৪.০৩)	(৪.৪৮)	(৪.১০)	(৪.২৮)	(৪.১৫)	(৪.৫১)
৩. স্বাস্থ্য সেবা বিভাগ	৪৯,৩৮৭	২১,৯৩৪	৩১,০২২	১৪,৭৬৩	১৮,৯৩২	১৭,৬৬৪	২০,৫৮২
	(৫.২৭)	(২.৭৮)	(৩.৯৩)	(২.৩৪)	(৩.০৯)	(৩.০৮)	(৩.৯৬)
৪. অন্যান্য	১,০৬,২৮৬	৬৯,৮৫৩	৭৪,৯৫৭	৫৪,৬৯৩	৫৮,৩০১	৫৭,৭৪৫	৫৫,৬২২
	(১১.৩৩)	(৮.৮৬)	(৯.৪৯)	(৮.৬৬)	(৯.৫১)	(১০.০৬)	(১০.৭০)
উপ-মোট :	**২,৫৯,৭১২**	**১,৬৫,২৫৯**	**১,৮৮,৯৪৫**	**১,৩১,৮১৭**	**১,৩৫,৭৪০**	**১,২৯,৭২০**	**১,২৮,৬১৪**
	(২৭.৬৯)	**(২০.৯৭)**	**(২৩.৯২)**	**(২০.৮৮)**	**(২২.১৪)**	**(২২.৬০)**	**(২৪.৭৩)**
খাদ্য ও সামাজিক নিরাপত্তা							
৫. খাদ্য মন্ত্রণালয়	৮,৯৩৯	৯,২৪৬	৮,৩২২	৭,৩৩২	৬,৪১৫	৫,০১৪	৫,৩১০
	(০.৯৫)	(১.১৭)	(১.০৫)	(১.১৬)	(১.০৫)	(০.৮৭)	(১.০২)
৬. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	১০,৩৫০	৯,০৬৯	১০,৩৬২	৬,৭৫০	৯,৮৩৬	১০,১৮৯	৮,৬৪৪
	(১.১০)	(১.১৫)	(১.৩১)	(১.০৭)	(১.৬০)	(১.৭৮)	(১.৬৬)
উপ-মোট:	**১৯,২৮৯**	**১৮,৩১৫**	**১৮,৬৮৪**	**১৪,০৮২**	**১৬,২৫১**	**১৫,২০৩**	**১৩,৯৫৪**
	(২.০৬)	**(২.৩২)**	**(২.৩৭)**	**(২.২৩)**	**(২.৬৫)**	**(২.৬৫)**	**(২.৬৮)**
(খ) ভৌত অবকাঠামো	**১,৭৪,৯৮৮**	**১,৬৪,৫১০**	**১,৯০,৩৬০**	**১,৪৮,০৪৭**	**১,৯৩,২০১**	**১,৯০,৬৯৪**	**১,৬৩,৯৬৪**
	(১৮.৬৬)	**(২০.৮৮)**	**(২৪.১০)**	**(২৩.৪৫)**	**(৩১.৫১)**	**(৩৩.২২)**	**(৩১.৫৩)**
কৃষি ও পল্লি উন্নয়ন							
৭. কৃষি মন্ত্রণালয়	২৮,৮৮১	২৪,৮২৫	২৭,২২৪	২৩,৮৯১	৩১,৯৭১	৩২,৫৩১	২১,৩৩৪
	(৩.০৮)	(৩.১৫)	(৩.৪৫)	(৩.৭৮)	(৫.২১)	(৫.৬৭)	(৪.১০)
৮. পানি সম্পদ মন্ত্রণালয়	১০,৫৩৩	১৩,৩৮২	১১,২০৪	১২,২৫৪	১৪,১১৩	১০,৮৮৯	৯,৪০০
	(১.১২)	(১.৭০)	(১.৪২)	(১.৯৪)	(২.৩০)	(১.৯০)	(১.৮১)

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬	হিসাব ২০২৪-২৫	হিসাব ২০২৩-২৪	হিসাব ২০২২-২৩	হিসাব ২০২১-২২
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯. স্থানীয় সরকার বিভাগ	৪০,২৪৬	৪৪,২৪৩	৪২,৪৩৩	৩৫,৯৭২	৪২,০২৪	৩৮,৬৬৪	৩৪,০০৩
	(৪.২৯)	(৫.৬১)	(৫.৩৭)	(৫.৭০)	(৬.৮৫)	(৬.৭৪)	(৬.৫৪)
১০. অন্যান্য	৯,৯৭০	৯,৯৩৩	১০,৩০২	৮,১০০	৯,৩৬০	৮,০৮৭	৮,১০৯
	(১.০৬)	(১.২৬)	(১.৩০)	(১.২৮)	(১.৫৩)	(১.৪১)	(১.৫৬)
উপ-মোট:	**৮৯,৬৩০**	**৯২,৩৮৩**	**৯১,১৬৩**	**৮০,২১৭**	**৯৭,৪৬৮**	**৯০,১৭১**	**৭২,৮৪৬**
	(৯.৫৬)	**(১১.৭২)**	**(১১.৫৪)**	**(১২.৭১)**	**(১৫.৯০)**	**(১৫.৭১)**	**(১৪.০১)**
বিদ্যুৎ ও জ্বালানী	**১৭,৩৪৫**	**১৬,৯৫১**	**২২,৫২০**	**২২,১১১**	**২৮,৫৬৮**	**২৭,০৬৫**	**২২,৭৩৮**
	(১.৮৫)	(২.১৫)	(২.৮৫)	(৩.৫০)	(৪.৬৬)	(৪.৭২)	(৪.৩৭)
যোগাযোগ অবকাঠামো							
১১. সড়ক বিভাগ	৩৬,৯১৮	২৫,৬৮৫	৩৮,৪৯৬	১৮,০৩০	২৪,৮১৯	৩১,৭০৫	৩০,১৫৮
	(৩.৯৪)	(৩.২৬)	(৪.৮৭)	(২.৮৬)	(৪.০৫)	(৫.৫২)	(৫.৮০)
১২. রেলপথ মন্ত্রণালয়	৯,৯৪০	৯,১৫৩	১১,৯৪৪	৬,৮৫০	১৪,৭৩৬	১৪,৬৯৩	১৪,৮০০
	(১.০৬)	(১.১৬)	(১.৫১)	(১.০৯)	(২.৪০)	(২.৫৬)	(২.৮৫)
১৩. সেতু বিভাগ	২,৯০৮	৫,৩২৬	৬,০২২	৪,১৭৯	৭,৪৮৯	৬,৯৪৭	৫,৫৭১
	(০.৩১)	(০.৬৮)	(০.৭৬)	(০.৬৬)	(১.২২)	(১.২১)	(১.০৭)
১৪. অন্যান্য	১০,৯৬৪	৮,১২৮	১২,৭৩৪	১০,৪৩৮	১০,৬১১	৯,৮৪১	৮,৫১০
	(১.১৭)	(১.০৩)	(১.৬১)	(১.৬৫)	(১.৭৩)	(১.৭১)	(১.৬৪)
উপ-মোট:	**৬০,৭৩০**	**৪৮,২৯২**	**৬৯,১৯৬**	**৩৯,৪৯৭**	**৫৭,৬৫৫**	**৬৩,১৮৬**	**৫৯,০৩৯**
	(৬.৪৭)	**(৬.১৩)**	**(৮.৭৬)**	**(৬.২৬)**	**(৯.৪০)**	**(১১.০১)**	**(১১.৩৫)**
১৫. অন্যান্য সেক্টর	৭,২৮৩	৬,৮৮৪	৭,৪৮১	৬,২২২	৯,৫১০	১০,২৭২	৯,৩৪১
	(০.৭৮)	(০.৮৭)	(০.৯৫)	(০.৯৯)	(১.৫৫)	(১.৭৯)	(১.৮০)
(গ) সাধারণ সেবা	**২,৪৫,১১৭**	**২,১০,৬১৫**	**১,৭৮,৫১৭**	**১,০২,২৯৭**	**১,০৭,৪০৮**	**৯২,৭০৭**	**১,০৩,৫৮৪**
	(২৬.১৩)	**(২৬.৭৩)**	**(২২.৬০)**	**(১৬.২০)**	**(১৭.৫২)**	**(১৬.১৫)**	**(১৯.৯২)**
জনশৃঙ্খলা ও নিরাপত্তা	**৩৩,৭৬৪**	**৩৩,৬২৯**	**৩৩,৫৪২**	**২৯,২৪৪**	**২৮,৭০১**	**২৫,৭৮৮**	**২৬,২৭১**
	(৩.৬০)	(৪.২৭)	(৪.২৫)	(৪.৬৩)	(৪.৬৮)	(৪.৪৯)	(৫.০৫)
১৬. অন্যান্য	২,১১,৩৫৩	১,৭৬,৯৮৬	১,৪৪,৯৭৫	৭৩,০৫৩	৭৮,৭০৭	৬৬,৯১৯	৭৭,৩১৩
	(২২.৫৩)	(২২.৪৬)	(১৮.৩৫)	(১১.৫৭)	(১২.৮৪)	(১১.৬৬)	(১৪.৮৭)
মোট:	**৬৯৯,১০৬**	**৫,৫৮,৬৯৯**	**৫,৭৬,৫০৬**	**৩,৯৬,২৪৩**	**৪,৫২,৬০০**	**৪,২৮,৩২৪**	**৪,১০,১১৬**

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬	হিসাব ২০২৪-২৫	হিসাব ২০২৩-২৪	হিসাব ২০২২-২৩	হিসাব ২০২১-২২
১	২	৩	৪	৫	৬	৭	৮
	(৭৪.৫)	**(৭০.৯)**	**(৭৩.০)**	**(৬২.৮)**	**(৭৩.৮)**	**(৭৪.৬)**	**(৭৮.৯)**
(ঘ) সুদ পরিশোধ	১,২৭,৫০০	১,২৭,০০০	১,২২,০০০	১,৩৬,১২৩	১,১৪,৬৬২	৯২,১১৬	৭৭,৮২৩
	(১৩.৫৯)	(১৬.১২)	(১৫.৪৪)	(২১.৫৬)	(১৮.৭০)	(১৬.০৫)	(১৪.৯৬)
(ঙ) পিপিই, ভর্তুকি ও দায়	৯৫,২০৯	৯৬,৭০১	৮২,৪২০	৯৮,৩৯৬	৫৫,৫৫২	৫৪,০৮২	৩৪,৭৮৬
	(১০.১৫)	(১২.২৭)	(১০.৪৩)	(১৫.৫৯)	(৯.০৬)	(৯.৪২)	(৬.৬৯)
(চ) নিট ঋণ দান ও অন্যান্য দায়	১৬,১৮৫	৫,৬০০	৯,০৭৪	৫১৪	-৯,৭৩২	-৫৬২	-২,৬৭০
	(১.৭৩)	(০.৭১)	(১.১৫)	(০.০৮)	(-১.৫৯)	(-০.১০)	(-০.৫১)
মোট বাজেট:	**৯,৩৮,০০০**	**৭,৮৮,০০০**	**৭,৯০,০০০**	**৬,৩১,২৭৬**	**৬,১৩,০৮২**	**৫,৭৩,৯৬০**	**৫,২০,০৫৫**

উৎস: অর্থ বিভাগ, বন্ধনিতে মোট বরাদ্দের শতকরা হার দেখানো হয়েছে।

সারণি ক-৫: মন্ত্রণালয়ভিত্তিক বাজেট বরাদ্দ

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/ বিভাগ কোড	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬
১	২	৩	৪	৫
১০১	রাষ্ট্রপতির কার্যালয়	৩৪	৩০	৩৪
১০২	জাতীয় সংসদ	২৯১	২৪৯	২৩২
১০৩	প্রধানমন্ত্রীর কার্যালয়	৩,৮৪৬	৩,৪৮৫	৩,৫৫৬
১০৪	মন্ত্রিপরিষদ বিভাগ	১০৫	১৩২	১১৬
১০৫	বাংলাদেশ সুপ্রীম কোর্ট	২৯১	২৭০	২৫০
১০৬	নির্বাচন কমিশন সচিবালয়	৪,৪০১	৪,৩৪৬	২,৯৫৬
১০৭	জনপ্রশাসন মন্ত্রণালয়	৫,০৬৭	৪,৬১০	৫,০১৯
১০৮	বাংলাদেশ সরকারি কর্ম কমিশন	১৩৮	১৭৯	১৪৯
১০৯	অর্থ বিভাগ	৩,১৯,৮০২	২,৮৯,৯৯৮	২,৬১,৩৮৩
১১০	বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	৩৭৭	২৩৭	২৮৪
১১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	৪,৬৫৬	২,৯৬৫	৩,১২৬
১১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	৩,৫৬৬	৫,২১২	৩,৫২১
১১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	২৩,২৪৯	২২,৬২৮	২২,৫৮৪
১১৪	পরিকল্পনা বিভাগ	৩৬,২৫১	২৮,৪০২	১০,৯০৬
১১৫	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২৩১	২০৫	১৮৩
১১৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	৬৭২	৪১৭	৪৬৭
১১৭	বাণিজ্য মন্ত্রণালয়	৩২৮	৯১০	৬০৮
১১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়	১,৮৪৪	১,৭৬৪	১,৭০৪
১১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়	৪২,৪৯৭	৪০,৬৬২	৪০,৮৫১
১২০	সশস্ত্রবাহিনী বিভাগ	৪৪	৪০	৪৭
১২১	আইন ও বিচার বিভাগ	২,১৮৮	২,১৬০	২,০৭৫
১২২	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	৩১,০৯৯	২৭,১৭৩	২৭,০০১
১২৩	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	৪৯	৪৮	৪৭
১২৪	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	৪৬,৭৩৮	৩১,৭১৯	৩৫,৪০৩
১২৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	৫৭,৩০২	৪১,৭৫৪	৪৭,৫৬৪
১২৬	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	১৮,১১৫	১২,৭০৪	১২,৮৬৯
১২৭	স্বাস্থ্য সেবা বিভাগ	৪৯,৩৮৭	২১,৯৩৪	৩১,০২২
১২৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	২,০৪৯	২,৮৬৬	২,১৪৪
১২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	৩০,৪৪৩	১৩,৪৫৩	১৩,৯৯১

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/ বিভাগ কোড	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬
১	২	৩	৪	৫
১৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	৫,১৯৬	৫,৩৭১	৫,০৭৮
১৩১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	৪৬৭	৩৮৯	৪৩৮
১৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	৫,০৭৯	৪,৮২২	৫,১১০
১৩৩	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	১,১৯০	১,২২৩	১,১১০
১৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	৮২৬	৭৫৩	৮২৪
১৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	২,৯৫৫	২,৪০৩	২,১৮৩
১৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	২,৫৮৬	১,৮০৪	২,৪২৩
১৩৭	স্থানীয় সরকার বিভাগ	৪০,২৪৬	৪৪,২৪৩	৪২,৪৩৩
১৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	১,১০৬	৯৯০	১,১০০
১৩৯	শিল্প মন্ত্রণালয়	১,৬৯২	১,৫৮২	১,৮৯১
১৪০	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	৮৮০	৯৩১	৮৫৫
১৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	৫১২	৪৮০	৪৮০
১৪২	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	২,৩৪৯	১,৩৬৬	২,১৭৮
১৪৩	কৃষি মন্ত্রণালয়	২৮,৮৮১	২৪,৮২৫	২৭,২২৪
১৪৪	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	২,৭২৮	৩,৩৪৬	৩,৩৯২
১৪৫	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	২,২৪০	১,৮৩৭	২,১৪৪
১৪৬	ভূমি মন্ত্রণালয়	২,৪৩৯	২,৪০১	২,৩০৪
১৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়	১০,৫৩৩	১৩,৩৮২	১১,২০৪
১৪৮	খাদ্য মন্ত্রণালয়	১১,৭২৬	৮,৯৫৫	৯,০০৪
১৪৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	১০,৩৫০	৯,০৬৯	১০,৩৬২
১৫০	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৩৬,৯১৮	২৫,৬৮৫	৩৮,৪৯৬
১৫১	রেলপথ মন্ত্রণালয়	৯,৯৪০	৯,১৫৩	১১,৯৪৪
১৫২	নৌ পরিবহন মন্ত্রণালয়	৯,০৮০	৬,৮২৮	১০,২৭৯
১৫৩	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	১,৮৮৪	১,৩০০	২,৪৫৫
১৫৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	২,১৪১	১,৯৮৭	২,১৪৮
১৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১,৪৫৭	১,৩৫৯	১,৩৬২
১৫৬	বিদ্যুৎ বিভাগ	১৪,৯৯৬	১৫,৫৮৬	২০,৩৪২
১৫৭	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	৭,৫১৫	৭,৪৫২	৭,৩৩০
১৫৮	দুর্নীতি দমন কমিশন	১৯৭	২০৩	১৯১
১৫৯	সেতু বিভাগ	২,৯০৮	৫,৩২৬	৬,০২২
১৬০	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	১৮,৪৫৭	১২,৩৯৬	১২,৬৭৮

(কোটি টাকায়)

মন্ত্রণালয়/ বিভাগ কোড	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২৬-২৭	সংশোধিত ২০২৫-২৬	বাজেট ২০২৫-২৬
১	২	৩	৪	৫
১৬১	সুরক্ষা সেবা বিভাগ	০	৩,৮৮০	৪,০৩৮
১৬২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	১৩,৪৬৬	৬,১২১	১০,৮৮৬
	মোট:	**৯,৩৮,০০০**	**৭,৮৮,০০০**	**৭,৯০,০০০**

উৎস: অর্থ বিভাগ।

পরিশিষ্ট খ

সারণি ১: স্বাভাবিক ব্যক্তি করদাতা ও হিন্দু অবিভক্ত পরিবারের করমুক্ত আয়ের সীমা

করদাতার ধরন	**২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ করবর্ষ**	**২০২৮-২০২৯ ও ২০২৯-২০৩০ করবর্ষ**	**২০৩০-২০৩১ করবর্ষ**
সাধারণ করদাতা	৩ লক্ষ ৭৫ হাজার টাকা	৪ লক্ষ টাকা	৪ লক্ষ ৫০ হাজার টাকা
মহিলা ও ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা	৪ লক্ষ ২৫ হাজার টাকা	৪ লক্ষ ৫০ হাজার টাকা	৫ লক্ষ টাকা
প্রতিবন্ধী ব্যক্তি করদাতা	৫ লক্ষ টাকা	৫ লক্ষ ২৫ হাজার টাকা	৫ লক্ষ ৭৫ হাজার টাকা
গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা	৫ লক্ষ ২৫ হাজার টাকা	৫ লক্ষ ৫০ হাজার টাকা	৬ লক্ষ টাকা
জুলাই গণঅভ্যুত্থান ২০২৪-এ আহত গেজেটভুক্ত "জুলাই যোদ্ধা" করদাতা	৫ লক্ষ ২৫ হাজার টাকা	৫ লক্ষ ৫০ হাজার টাকা	৬ লক্ষ টাকা
তৃতীয় লিঙ্গ করদাতা	৫ লক্ষ টাকা	৫ লক্ষ ২৫ হাজার টাকা	৫ লক্ষ ৭৫ হাজার টাকা
• কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের ক্ষেত্রে এরূপ প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত সীমা ৫০,০০০/- টাকা বেশী হবে। প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যেকোনো একজন এই সুবিধা প্রাপ্য হবেন।			

সারণি-২: স্বাভাবিক ব্যক্তি করদাতা ও হিন্দু অবিভক্ত পরিবারের জন্য করধাপ ও করহার

২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ করবর্ষ		২০২৮-২০২৯ ও ২০২৯-২০৩০ করবর্ষ		২০৩০-২০৩১ করবর্ষ	
করধাপ	**করহার**	**করধাপ**	**করহার**	**করধাপ**	**করহার**
৩,৭৫,০০০ টাকা পর্যন্ত	শূন্য	৪,০০,০০০/- টাকা পর্যন্ত	শূন্য	৪,৫০,০০০/- টাকা পর্যন্ত	শূন্য
পরবর্তী ৩,০০,০০০ টাকা	১০%	পরবর্তী ৩,০০,০০০/- টাকা	১০%	পরবর্তী ৩,০০,০০০/- টাকা	১০%
পরবর্তী ৪,০০,০০০ টাকা	১৫%	পরবর্তী ৪,০০,০০০/- টাকা	১৫%	পরবর্তী ৪,০০,০০০/- টাকা	১৫%
পরবর্তী ৫,০০,০০০ টাকা	২০%	পরবর্তী ৫,০০,০০০/- টাকা	২০%	পরবর্তী ৫,০০,০০০/- টাকা	২০%
পরবর্তী ২০,০০,০০০ টাকা	২৫%	পরবর্তী ২০,০০,০০০/- টাকা	২৫%	পরবর্তী ২০,০০,০০০/- টাকা	২৫%
অবশিষ্ট টাকার ওপর	৩০%	পরবর্তী ২,৬৪,০০,০০০/- টাকা	৩০%	পরবর্তী ২,৬৩,৫০,০০০/- টাকা	৩০%
		অবশিষ্ট টাকার উপর	৩৫%	অবশিষ্ট টাকার উপর	৩৫%

সারণী-৩: কোম্পানি, ব্যক্তিসংঘ, ফার্ম, ট্রাস্ট ও অন্যান্য করদাতার করহার

স্বাভাবিক ব্যাক্তি ও হিন্দু অবিভক্ত পরিবার শ্রেণির করদাতা ব্যতীত কোম্পানি, ব্যক্তিসংঘ, ফার্ম, ট্রাস্ট ও অন্যান্য করদাতার জন্য ২০২৬-২০২৭, ২০২৭-২০২৮, ২০২৮-২০২৯, ২০২৯-২০৩০ ও ২০৩০-২০৩১ করবর্ষের করহার উপস্থাপন করা হলো-

বিবরণ	কর হার	শর্ত পরিপালন সাপেক্ষে কর রেয়াত পরবর্তী করহার
Publicly traded company যাদের পরিশোধিত মূলধনের অন্যূন ১০% শেয়ার IPO (Initial Public Offering) বা Direct Listing এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে-	২২.৫%	তবে শর্ত থাকে যে, বিবেচ্য আয়বর্ষে সকল প্রকার আয় ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করলে উপরিউক্ত করহার উক্ত আয়ের ২০% হবে;
আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ২ এর দফা (৩১) এ সংজ্ঞায়িত অন্যান্য কোম্পানি	২৭.৫%	তবে শর্ত থাকে যে, বিবেচ্য আয়বর্ষে সকল প্রকার আয় ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিলে উপরিউক্ত করহার উক্ত আয়ের ২৫% হবে;
পাবলিকলি ট্রেডেড-ব্যাংক, বীমা ও ফাইন্যান্স কোম্পানি	৩৭.৫%	রেয়াত প্রযোজ্য নয়
পাবলিকলি ট্রেডেড নয় এরূপ-ব্যাংক, বীমা ও ফাইন্যান্স কোম্পানি	৪০%	রেয়াত প্রযোজ্য নয়
সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি	৪৫% +সারচার্জ ২.৫%	রেয়াত প্রযোজ্য নয়
মোবাইল ফোন অপারেটর কোম্পানি	৪৫%	তবে শর্ত থাকে যে, মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি উহার পরিশোধিত মূলধনের ১০% শেয়ার, যাহার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর অধিক থাকতে পারবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করত: Publicly Traded Company তে রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে করের হার হবে ৪০%:

		আরও শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানি ইহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তা হইলে এইরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করবে;
কোম্পানি, ফার্ম এবং ব্যক্তিসংঘ নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এরূপ অন্যান্য সকল করদাতা	৩০%	রেয়াত প্রযোজ্য নয়
কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়	৪৫% +সারচার্জ ২.৫%	রেয়াত প্রযোজ্য নয়
ট্রাস্ট, ফার্ম, ব্যক্তিসংঘ	২৭.৫%	রেয়াত প্রযোজ্য নয়
সমবায় সমিতি	২০%	রেয়াত প্রযোজ্য নয়
বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিক্যাল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ	১০%	রেয়াত প্রযোজ্য নয়

পরিশিষ্ট গ

সারণি-১(ক): ৬৯ টি পণ্যের কাস্টমস ডিউটি (CD) হ্রাস করার সুপারিশ

HS Code	Description of Goods	Existing CD (%)	Proposed CD (%)
0105.11.90	Live Fowls Gallus, Domesticus<=185g, Excl.Parent Stock of One Day Chic	25	15
0105.12.90	Live Turkeys Weighing <=185g, (Excl.Parent Stock Of One Day Chick)	25	15
0105.13.90	Other ducks	25	15
0105.14.90	Other Geese	25	15
0105.94.00	Fowls of the species Gallus domesticus	25	15
0105.99.00	Live Ducks, Geese, Turkeys And Guinea Fowls Weighing >185g	25	15
0106.33.00	Ostriches; emus (Dromaius novaehollandiae)	25	15
0206.10.90	Fresh Or Chilled Edible Offal Of Bovine Animals, Nes	25	15
0206.21.90	Frozen Bovine Tounge, Nes	25	15
0206.22.90	Frozen Bovine Livers, Nes	25	15
0206.29.90	Frozen Edible Bovine Offal (Excl. Tongues And Livers), Nes	25	15
0207.13.90	Fresh Or Chilled Cuts And Offal Of Chickens, Nes	25	15
0207.14.10	Frozen Cuts And Offal Of Chicken, Wrapped/Canned upto 2.5 kg	25	15
0210.99.90	Meat And Edible Meat Offal,Salted,In Brine,Dried Or Smoked,Other, Nes	25	15
0302.11.90	Fresh Or Chill. Trout (Excl. Livers & Roes),Nes	25	15
0302.21.90	Fresh Or Chilled Halibut (Excl. Livers & Roes),NES	25	15
0302.24.90	Other Turbots (Psetta maxima)	25	15
0303.31.90	Frozen Halibut (Excl. Livers & Roes),nes	25	15
0303.65.90	Coalfish (Pollachius virens), EXCL. Wrapped/canned upto 2.5 Kg	25	15

HS Code	Description of Goods	Existing CD (%)	Proposed CD (%)
0303.67.10	Alaska Pollack (Theraga chalcogramma)Wrapped/canned upto 2.5 Kg	25	15
0303.67.90	Other Alaska Pollack (Theraga chalcogramma)	25	15
0303.89.90	Other fish, excluding livers and roes : Other	25	15
0303.91.90	Livers, roes and milt : Other	25	15
0305.20.90	Livers And Roed, Dried,Smoked,Salted Or In Brine,Nes	25	15
0305.32.90	Fish of the families Bregmacerotidae, Euclichthyidae, .., EXCL.Wrappe	25	15
0305.53.90	Fish of the families Bregmacerotidae, Euclichthyidae, Gadidae, Macrou	25	15
0305.61.90	Herrings Salted Or In Brine But Not Dried Or Smoked, Nes	25	15
0305.69.90	Other Fish,Nes,Salted Salted Or In Brine But Not Dried Or Smoked, Nes	25	15
0305.71.90	Other Shark fins	25	15
0305.72.10	Fish heads, tails and maws Wrapped/canned upto 2.5 Kg	25	15
0305.72.90	Other Fish heads, tails and maws	25	15
0305.79.90	Other edible fish offal :	25	15
0306.14.00	Frozen Crabs	25	15
0306.19.00	Frozen Crustaceans,Nes (Incl.Flours/Meals/Pellets)Fit For Human Consu	25	15
0306.99.90	Other, including flours, meals and pellets of crustaceans, fit for hu	25	15
0307.11.10	Oysters, Live, fresh or chilled, Wrapped/canned upto 2.5 Kg	25	15
0307.11.90	Oysters, Live, fresh or chilled, EXCL. Wrapped/canned upto 2.5 Kg	25	15
0307.12.10	Oysters, Frozen, Wrapped/canned upto 2.5 kg	25	15
0307.12.90	Oysters, Frozen, Excl. Wrapped/canned upto 2.5 kg	25	15

HS Code	Description of Goods	Existing CD (%)	Proposed CD (%)
0307.21.10	Scallops, Live, Fresh Or Chilled Wrapped/Canned Upto 2.5kg	25	15
0307.21.90	Scallops, Live, Fresh Or Chilled,Nes	25	15
0307.22.10	Scallops, including queen scallops, .. frozen Wrapped/canned upto 2.5	25	15
0307.29.90	Other Live, Fresh Or Chilled, Nes	25	15
0307.31.10	Mussels,Live,Fresh Or Chilled Wrapped/Canned upto 2.5kg	25	15
0307.31.90	Mussels, Live, Fresh Or Chilled,Nes	25	15
0307.39.90	Other live,fresh or chilled mussels(excl.mytilus spp.,perna spp.),nes	25	15
0307.49.90	Oth.cuttle fish(excl.sepia officinalis,rossia macrosoma,sepiola ..),n	25	15
0307.60.90	Snails, Other Than Sea Snails,Nes	25	15
0307.71.90	Live, fresh or chilled Clams, cockles and ark shells .., Solecurtid	25	15
0307.72.10	Clams, cockles and ark shells....., Donacidae, Hi, Frozen, Wrapped/c	25	15
0307.79.90	Other Clams, cockles and ark shells (families Arcidae, . and Veneri	25	15
0307.82.10	Live, fresh or chilled stromboid conchs (Strombus spp.)	25	15
0307.84.10	Frozen stromboid conchs (Strombus spp.) Wrapped/canned upto 2.5 kg	25	15
0307.91.90	Aquantic Invert.(Excl. Crustaceans),Live,Fresh Or Chilled,Nes(Excl.Wr	25	15
0307.99.10	Oth.,incl.flours,meals and pellets of aquatic.,not fresh or chilled,w	25	15
0307.99.90	Oth.,incl. Flours, meals and pellets of aquatic..,not fresh or chille	25	15
3703.10.00	Photographic paper, paperboard and textiles..,in rolls of a width exc	25	5
3703.20.00	Color Photography Paper	10	5
3703.90.00	Other photographic paper..,(excl.in rolls..,for colour photography(po	25	5
3706.10.90	Other Cinematograph Film, Exposed And Developed, Width >=35mm	25	5

HS Code	Description of Goods	Existing CD (%)	Proposed CD (%)
3706.90.90	Other Cinematograph Film, Exposed And Developed, Width <35mm	25	5
3806.20.00	Salts Of Resin/Res.Acids Or Of Deriv'S Rosin/Resin Acids,Excl.Rosin A	25	15
4421.20.00	Statuettes and other ornaments : Coffins	25	10
7011.10.00	Glass envelopes (incl.bulbs and tubes),open and glass parts..,for ele	25	10
8528.42.00	Capable of directly connecting to and designed for use with an automa	25	5
8539.21.90	Other Tungsten Halogen Filament Lamps (Excl.Ultra-Violet Or Infra-Red	25	5
8545.19.90	Carbon electrodes (excl. for furnaces), nes	25	10
8545.20.00	Carbon Brushes	25	10
